দামুড়হুদায় গাঁজা গাছসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ১টি গাঁজা গাছসহ একজনকে আটক করা হয়েছে। গতকাল রবিবার রাত ১১টার দিকে নতিপোতা ইউনিয়নের মইষাগাড়ী মাঠ থেকে।

থানা সূত্রে জানা যায়, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে এস আই শাহাবুল আলম সঙ্গীয় ফোর্সের সহায়তায় অত্র এলাকায় মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন।

এসময় গতকাল রবিবার আনুমানিক রাত ১১ টার দিকে অত্র থানাধীন নতিপোতা গ্রামস্থ মইষাগাড়ী মাঠে আসামী ফিত্তাজের ভোগদখলীয় সিম ক্ষেতের মধ্য উদ্ধারকৃত গাঁজা গাছ পরিচর্যা করাকালে ১১ ফুট লম্বা ও ১২ কেজি একটি গাঁজার গাছ সহ ফিত্তাজ শেখ (৪৫) কে হাতেনাতে আটক করে। আসামী ফিত্তাজ শেখ নতিপোতা গ্রামের মোঃ চান্দালীর ছেলে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, দামুড়হুদা মডেল থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না। জেলা পুলিশ সুপারের নির্দেশনায় মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক ১

দামুড়হুদা মডেল থানা পুলিশ মাদকবিরোধী বিশেষ অভিযান চালিয়ে ৫ শত গ্রাম গাঁজাসহ মোঃ স্বপন আলী (২৮) নামের এক মাদক কারবারিকে আটক করেছে।

গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের

বিষ্ণুপুর গ্রাম থেকে। গ্রেফতারকৃত আসামী স্বপন আলী হারেজ আলীর ছেলে।

থানা সূত্রে জানা গেছে, দামুড়হুদা মডেল থানার এসআই ওবাইদুর রহমান ও এএসআই বিপ্লব কুমার দাস সঙ্গীয় ফোর্সের সহায়তায় অত্র এলাকায় মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করেন। গোপন সংবাদের ভিত্তিতে গতকাল রবিবার রাত সোয়া ১১টার দিকে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনে ১টি পলিথিনের ব্যাগে বিশেষ কায়দায় রাখা ৫ শত গ্রাম গাঁজাসহ স্বপন আলী কে আটক করে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবির মাদক উদ্ধার এবং এক মাদক কারবারিকে আটকের বিষয়টি নিশ্চিত করে বলেন, আটককৃত আসামী স্বপন আলী এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে। পরবর্তীতে তাকে গ্রেপ্তার দেখিয়ে আদালতে প্রেরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা সীমান্তে ৬২ লাখ টাকা মৃল্যের ৬ টি স্বর্নের বারসহ আটক ১

চুয়াডাঙ্গার মুন্সিপুর সীমান্ত চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে জুতার সলের ভিতর থেকে ৬ টি স্বর্নের বারসহ রাজ্জাক আলী (৪৯) কে আটক করেছে ৬ বিজিবি।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার মুন্সিপুর সীমান্তের জাহাজপোতা গ্রামের সাইনবোর্ডতলা নামক স্থানের তিন রাস্তার মোড় থেকে তাকে আটক করে। আটককৃত চোরাকারবারী দামুড়হুদা থানার মুন্সিপুর গ্রামের হোসেন আলীর ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন ৬ বিজিবির ভারপ্রাপ্ত পরিচালক মেজর মোঃ

রকিবুল ইসলাম, পিএসসি।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির ভারপ্রাপ্ত পরিচালক মেজর মোঃ রকিবুল ইসলাম পি এসসি বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারি মুন্সিপুর সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে স্বর্নের বার পাচার হবে। খবর পেয়ে মুন্সিপুর কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৯৩/৭-আর হতে আনুমানিক ৭শ গজ বাংলাদেশের ভিতরে জাহাজপোতা গ্রামের সাইনবোর্ডতলা নামক স্থানের তিন রাস্তার মোড় থেকে একটি ডিসকভার ১২৫ সি সি মোটর সাইকেল ফেলে পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

এ সময় বিজিবি দুই দিকে বিভক্ত হয়ে রাজ্জাককে আটক করে। পরে তার জিজ্ঞাসাবাদ করলে তার স্বীকারক্তিতে জুতার সোলের ভিতর থেকে স্বর্নের ৬ টি বার উদ্ধার করে। যার আনুমানিক বাজার মৃল্য প্রায় ৬২ লাখ টাকা।

আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা থানায় মুন্সিপুর কোম্পানী কমান্ডার সুবেদার মিজানুর রহমান বাদী হয়ে রাজ্জাকের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। এবং আটককৃত সোনার বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান আটক-১

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান ১ জনকে আটক করছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটা সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান ও উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা

কার্যালয় চুয়াডাঙ্গা, সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:ইকবাল (৪৪), পিতা :মো: ফজলু মাষ্টার গ্রাম: সাদেক আলী মল্লিক পাড়া, থানা ও জেলা চুয়াডাঙ্গা কে চুয়াডাঙ্গা সদর থানাধীন সাদেক আলী মল্লিক পাড়াস্থ নিজ দখলীয় বসতঘর হইতে ৩ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয়, উক্ত গ্রেফতারকৃত আসামীকে বিজ্ঞ নির্বাহী উপজেলা ম্যাজিস্ট্রেট ১ বছর ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

দামুড়হুদায় মাদক বিরোধী অভিযানে ২টি গাঁজার গাছ উদ্ধার,আটক-১

দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক মাদক বিরোধী অভিযানে ২টি গাঁজা গাছ সহ একজনকে আটক করা হয়েছে।

থানা সূত্রে জানা যায়, রবিবার রাতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীরের নেতৃত্বে এস আই মঞ্জুরুল হক সঙ্গীয় ফোর্সসহ অত্র এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় রাত আনুমানিক সাড়ে ১১ টার দিকে অত্র থানাধীন ডুগডুগী কলোনিপাড়া সাকিনস্থ ডুগডুগী বাজার হতে ছোট দুধপাতিলাগামী পাকা রাস্তার উপর থেকে মৃত.ওহাব আলীর ছেলে মোঃ জব্বার আলী (৫৫) তাঁর নিজের আবাদি জমির ঘাস ক্ষেতের মধ্য উদ্ধারকৃত গাঁজা গাছ পরিচর্যা করাকালে ৪ফিট লম্বা ২টা গাঁজা গাছ উদ্ধার সহ তাঁকে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর আটকের সত্যতা নিশ্চিত করে জানান,আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা পূর্বক আদালতে প্রেরণ করা হয়েছে।

তিনি আরও বলেন, অত্র থানা এলাকায় কোন প্রকার মাদকদ্রব্য কারবারি থাকবে না।জেলা পুলিশের সুযোগ্য পুলিশ সুপার মহোদয়ের নির্দেশনায়

মাদক বিরোধী অভিযান চলমান থাকবে।

দর্শনা সীমান্তে ৪৬টি স্বর্ণের বার উদ্ধার আটক ১

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন নাস্তিপুর সীমান্ত থেকে প্রায় ৪ কেজি ৬শ গ্রাম ওজনের ছোট-বড় ৪৬টি স্বর্ণের বারসহ আরিফুল ইসলাম (৩০) নামের এক চোরাকারবারিকে আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি।

আজ রবিবার দুপুর ১২টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের বেলের মাঠের পেয়ারা বাগানের মধ্যে থেকে তাকে আটক করে। আটককৃত চোরাকারবারি পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মুনজুর আলী বিশ্বাসের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা-৬ বিজিবির ভারপ্রাপ্ত পরিচালক মেজর মোঃ রকিবুল ইসলাম, পিএসসি।

চুয়াডাঙ্গা-৬ বিজিবির ভারপ্রাপ্ত পরিচালক মেজর মোঃ রকিবুল ইসলাম পি এসসি বলেন, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারি দর্শনা নাস্তিপুর সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে স্বর্নের বার পাচার হবে। খবর পেয়ে সুলতানপুর ক্যাম্পের বিশেষ টহল দল সীমান্ত পিলার ৭৮/৬-আর হতে আনুমানিক ৪শ গজ বাংলাদেশের ভিতরে নাস্তিপুর গ্রামের একটি পেয়ারা বাগানে অবস্থান গ্রহন করে। এসময় একজন অজ্ঞাত ব্যক্তি ঐ এলাকা দিয়ে সীমান্তের দিকে যাওয়ার প্রাক্কালে বিজিবি সশস্ত্র টহল দলের উপস্থিতি টেরপেয়ে দৌড়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

এ সময় সুলতানপুর ক্যাম্পের কমান্ডার নায়েব সুবেদার দুলাল হক সঙ্গীয় ফোর্সসহ আরিফুল ইসলামকে আটক করে। তার স্বীকারোক্তিতে দেহ তল্লাশি করে কোমরে পেঁচানো সাদা কাপড় দ্বারা তৈরিকৃত বেল্টের ভিতর থেকে অভিনব কায়দায় লুকানো অবস্থায় ছোট বড় ৪৬ টি স্বর্ণের বার একটি মোবাইল ফোন উদ্ধার করে। আটক এসব স্বর্ণের বারের আনুমানিক বাজার মূল্য ৪ কোটি টাকা।আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নায়েক সুবেদার দুলাল হক বাদী হয়ে মামলা দায়ের করেছেন এবং সোনার বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা

দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসের আমের বস্তায় ৯ কেজি গাঁজা আটক ১

ঝিনাইদহ শহরের সুন্দরবন কুরিয়ার সার্ভিসে আসা আমের বস্তা থেকে প্রায় ৯ কেজি গাঁজা উদ্ধার করেছে ঝিনাইদহ গোয়েন্দা পুলিশের সাইবার ইনভেস্টিগেশন টিম। উদ্ধারকৃত গাঁজার মুল্য ৫ লাখ ৮৫ হাজার টাকা।

রবিবার দুপুরে শহরের এইচএসএস সড়কের সুন্দরবন কুরিয়ার সার্ভিস থেকে গাঁজাসহ পলি খাতুন নামে এক পাচারকারীকে আটক করা হয়। পলি খাতুন মাগুরার বুজরুক শ্রীকুন্ডি গ্রামের পিকুল বিশ্বাসের মেয়ে। তার স্বামীর নাম ফরিদ হোসেন।

গ্রেফতারের পর পুলি পুলিশকে জানিয়েছেন, জয়নাল নামে মাগুরার এক ব্যক্তি খাগড়াছড়ি থেকে তার নামে আমের সঙ্গে ৯ কেজি গাঁজা পাঠিয়ে দেয়। অর্থের বিনিময়ে তিনি এই গাঁজার গন্তব্যে পৌছে দিতে গতকাল রবিবার দুপুরে আমের বস্তা রিসিভ করতে আসেন।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহিন উদ্দীন জানান, পুলিশ সুপার আজিম উল আহসান মহোদয়ের সার্বিক তত্বাবধানে গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই খালিদ হাসান, এসআই রবিউল ইসলাম ও এএসআই ইকলাছুর রহমানের নেতৃত্বে একদল পুলিশ ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসে অভিযান চালায়।

অভিযানকালে আমের বস্তা থেকে ৯ কেজি গাজা উদ্ধারসহ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পলি খাতুন নামে এক নারীকে আটক করে। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় মাদক আইনে একটি মামলা।

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক-১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করে ৬’শ গ্রাম মাদকদ্রব্য গাঁজা সহ হাফিজুর রহমান হাফু (৪৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সদ্য যোগদানকৃত অফিসার ইনচার্জ, মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে দামুড়হুদা থানাধীন হাউলী ইউপি’র পুরাতন বাস্তপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালানো হয়। এসময় গোপন সংবাদের ভিত্তিতে পুরাতন বাস্তুপুর সাকিনস্থ পুরাতন বাস্তুপুর দাখিল মাদ্রাসার সামনে দামুড়হুদা টু রঘুনাথপুরগামী পাকা সড়কের উপর থেকে আনুমানিক সন্ধ্যা ৬টার দিকে পুরাতন বাস্তুপুর গ্রামের মৃত.ফকির বিশ্বাসের ছেলে চিহ্নিত মাদক ব্যবসায়ী মোঃ হাফিজুর রহমান হাফুকে ৬’শ গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ হাতেনাতে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানা অফিসার ইনচার্জ মো: আলমগীর কবীর জানান, মাদকদ্রব্য সহ আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তিনি আরও জানান থানা এলাকায় মাদকদ্রব্য ব্যবসায়ীর হুশিয়ারি করেন অত্র থানা এলাকায় কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না এবং মাদকবিরোধী অভিযান চলমান থাকবে।

দর্শনা ঈশ্বরচন্দ্রপুরে ইয়াবাসহ আটক ১

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে খাইরুল ইসলাম (২৮) নামের এক মাদক ব্যবাসায়ীকে আটক করেছে চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে সহকারী পরিচালক শরিয়তউল্লাহ, পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেনের নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে দর্শনা পৌর এলাকার ঈশ্বরচন্দ্রপুর গ্রামে।

এ অভিযানে গ্রামের স্কুলপাড়ার আবুল হাসেমের ছেলে খাইরুল ইসলাম
(২৮) কে নিজ বসতঘরের ভিতর থেকে আসামির দেহ তল্লাশি করে ২৩৫ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা সহ খাইরুল ইসলামকে আটক করে।চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রনের মাদক বিরোধী অভিযানিক দল।

উক্ত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন বাদী হয়ে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান গাঁজা সহ আটক-১

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় থেকে অভিযান পরিচালনা করা হয়েছে। এ সময় গাঁজা সহ ১মাদক ব্যবসায়িকে আটক করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

শনিবার সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী

ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুঁইয়া ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় চুয়াডাঙ্গা সদর থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:মুনছুর আলী (৪৫) পিতা মৃত:গোপাল শেখ, গ্রাম:হকপাড়া , থানা:চুয়াডাঙ্গা সদর জেলা:চুয়াডাঙ্গা কে চুয়াডাঙ্গা সদর থানাধীন হক পাড়া গ্রামস্থ মো: গোলাম মোস্তফার বসতবাড়ির দক্ষিণ পাশে গলি রাস্তায় আসামিকে ঘেরাও পূর্বক আটক করে ০২ কেজি গাঁজা সহ তাকে গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া ০১ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।